“দুনিয়া হলো মু’মিনের জেলখানা আর কাফিরের জান্নাত”।

আবূ হুরাইরা রদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “দুনিয়া হলো মু’মিনের জেলখানা আর কাফিরের জান্নাত”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, মুমিনের পার্থিব জীবন একটি কারাগারের মতো, কারণ সে শরীয়তের হুকুমগুলো আঁকড়ে ধরে যা আদেশ করা হয়েছে তা পালন করে এবং যা নিষিদ্ধ তা এড়িয়ে চলে। যখন সে মারা যাবে, তখন সে এ থেকে মুক্তি পাবে এবং আল্লাহ তার জন্য যা প্রস্তুত করেছেন, সেই অনন্ত সুখে ফিরে যাবে। আর এই জীবন কাফিরদের জন্য জান্নাতের মতো। কারণ সে এখানে তার আত্মা যা চায় এবং তার ইচ্ছা তাকে যা করতে নির্দেশ দেয় তাই করে এবং যখন সে মারা যাবে, তখন সে কিয়ামতের দিন আল্লাহ তার জন্য যে স্থায়ী আযাব প্রস্তুত রেখেছেন তার দিকে ফিরে যাবে।

https://www.sunnah.global/hadeeth/bn/show/3584